**বাংলাদেশ কৃষি ব্যাংক**
ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ
প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা

মানিলন্ডারিং প্রতিরোধ সেল
dcamlco@krishibank.org.bd
Phone: 02223384486


**বিষয় ঃ মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধে কেন্দ্রীয় পরিপালন কমিটির (CCC) ২০২২-২৩ অর্থ বছরের ৪র্থ ত্রৈমাসিক সভার কার্যবিবরণী।**

মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধে বিদ্যমান আইন, গাইড লাইনস, বাংলাদেশ ব্যাংক ও বিকেবি'র পরিপত্রের নির্দেশনা পরিপালন/বাস্তবায়নের লক্ষ্যে বাংলাদেশ কৃষি ব্যাংকের মানিলন্ডারিং প্রতিরোধ বিষয়ক কেন্দ্রীয় পরিপালন কমিটির(CCC) ২০২২-২৩ অর্থ বছরের ৪র্থ ত্রৈমাসিক সভা বিগত ২৫-০৬-২০২৩ তারিখ বিকাল ৪.৩০ ঘটিকায় ব্যাংকের সেমিনার রুমে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় উপব্যবস্থাপনা পরিচালক-১ ও ব্যাংকের প্রধান মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা (CAMLCO) জনাব চানু গোপাল ঘোষ মহোদয় সভাপতিত্ব করেন। নিম্নোক্ত নির্বাহীগণ/সদস্যগণ উক্ত সভায় উপস্থিত ছিলেন ।

| ক্রঃ নং | নির্বাহী/কর্মকর্তাগণের নাম | পদবী ও কর্মস্থল | সিসিসি তে অবস্থান |
|---|---|---|---|
| ০১ | জনাব চানু গোপাল ঘোষ | উপব্যবস্থাপনা পরিচালক-১ ও প্রধান মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা (CAMLCO) | সভাপতি |
| ০২ | জনাব খান ইকবাল হোসেন | উপব্যবস্থাপনা পরিচালক-২, বিকেবি, প্রকা, ঢাকা। | সদস্য |
| ০৩ | জনাব মোঃ জয়নাল আবেদীন | মহাব্যবস্থাপক (প্রশাসন মহাবিভাগ), বিকেবি, প্রকা, ঢাকা। | সদস্য |
| ০৪ | জনাব এফ এম এ রহিম | উপমহাব্যবস্থাপক ও উপপ্রধান মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা (DCAMLCO)। | সদস্য- সচিব |
| ০৫ | জনাব মামুনুর রশীদ | উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা। | সদস্য |
| ০৬ | জনাব মোহাম্মদ মঈনুল ইসলাম | উপমহাব্যবস্থাপক, ক্রেডিট বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা। | সদস্য |
| ০৭ | জনাব মোঃ খোরশেদ আনোয়ার | উপমহাব্যবস্থাপক, এইচআরএমডি-১, বিকেবি, প্রকা, ঢাকা। | সদস্য |
| ০৮ | মোঃ মোস্তাফিজুর রহমান | উপমহাব্যবস্থাপক, আন্তর্জাতিক বাণিজ্য বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা। | সদস্য |
| ০৯ | জনাব হাবিব-উন-নবী | উপমহাব্যবস্থাপক, শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা। | সদস্য |
| ১০ | জনাব মোঃ ফরিদ হাসান | উপমহাব্যবস্থাপক, আইসিটি অপারেশন বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা। | সদস্য |
| ১১ | জনাব মুহাম্মদ ওবায়দুল আকবর | সহকারী মহাব্যবস্থাপক, ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা। | সদস্য |

সভার শুরুতে বাংলাদেশ কৃষি ব্যাংক কেন্দ্রীয় পরিপালন কমিটির (CCC) সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভা শুরু করেন। সভাপতি মহোদয় মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ ও সংবেদনশীল বিষয় হিসেবে উল্লেখ করেন। সেই সাথে বাংলাদেশ ব্যাংক কর্তৃক AML/CFT বিষয়ক জারীকৃত নির্দেশনাসমূহ যথাযথভাবে পরিপালন করার উপর তিনি গুরুত্ব আরোপ করেন।

পরবর্তীতে বিগত ২৭-০৩-২০২৩ তারিখে অনুষ্ঠিত কেন্দ্রীয় পরিপালন কমিটির (CCC) ২০২২-২৩ অর্থবছরের ৩য় ত্রৈমাসিক সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয় এবং আলোচ্য বিষয়সমূহের উপর বিস্তারিত আলোচনাপূর্বক নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় -

০১। **AML প্রশিক্ষণ সংক্রান্ত ঃ**

ক) বাংলাদেশ কৃষি ব্যাংকে মানিলন্ডারিং প্রতিরোধ কার্যক্রমকে আরও তরান্বিত করার লক্ষ্যে প্রধান কার্যালয়ের মানিলন্ডারিং প্রতিরোধ সেল এ কর্মরত কর্মকর্তাগণকে BBTA, BIBM সহ অভিজ্ঞ ট্রেনিং ইনস্টিটিউট এ প্রশিক্ষণের সংখ্যা আরও বাড়াতে হবে।

**(কার্যকরণ ঃ মানিলন্ডারিং প্রতিরোধ সেল / হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট বিভাগ-২**

খ) মাঠ পর্যায়ের সংশ্লিষ্ট নির্বাহী/কর্মকর্তাগণকে নিয়ে আরও অধিক সংখ্যক মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ বিষয়ক প্রশিক্ষণ ও কর্মশালা আয়োজন করতে হবে। এছাড়া বিকেবি মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ ম্যানুয়েল-২০১৮ এর অনুচ্ছেদ নং ৪.২ এ প্রদত্ত নির্দেশনানুযায়ী আঞ্চলিক পর্যায়ে গঠিত আঞ্চলিক পরিবীক্ষণ কমিটির তত্ত্বাবধান জোরদার করার মাধ্যমে শাখা পর্যায়ে মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ কার্যক্রম নিয়মিত তদারকি করতে হবে।

**(কার্যকরণ ঃ মানিলন্ডারিং প্রতিরোধ সেল / হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট বিভাগ-২, বিকেবি, প্রকা, ঢাকা ও বিকেবি ষ্টাফ কলেজ/আঞ্চলিক পরিবীক্ষণ কমিটি)**

০২। **CTR/STR/SAR সংক্রান্ত ঃ**

প্রধান কার্যালয়ের মানিলন্ডারিং প্রতিরোধ সেল হতে প্রেরিত নির্দেশনানুযায়ী গ্রাহকের তথ্যাদি হালনাগাদপূর্বক নির্ধারিত সময়ের মধ্যে CTR দাখিল করতে হবে। সেই সাথে প্রেরিত CTR সমূহ প্রয়োজনীয় পর্যালোচনাপূর্বক লেনদেন এর ক্ষেত্রে কোন ধরনের অস্বাভাবিকতা পরিলক্ষিত হলে প্রয়োজনীয় তথ্য উপাত্তের ভিত্তিতে STR/SAR Report প্রদানের ব্যবস্থা করতে হবে।

**(কার্যকরণ ঃ সকল শাখা ব্যবস্থাপক, বিকেবি)**

০৩। **গ্রাহকের মৌলিক তথ্যাদি ব্যাংকের সিবিএস (CBS) এ সংরক্ষণ ও সংশোধন সংক্রান্ত ঃ**

অত্র ব্যাংকে গ্রাহকদের অঞ্চল ভিত্তিক মৌলিক তথ্যাদি হালনাগাদকরণ কার্যক্রম পর্যালোচনায় দেখা যায়, সিবিএস (CBS) এ ২০/০৬/২০২৩ তারিখ ভিত্তিক গ্রাহকদের মৌলিক তথ্যাদির হালনাগাদ অগ্রগতির হার ৮২.৭৪%। এমতাবস্থায়, নির্দিষ্ট সময়সীমার মধ্যে বিএফআইইউ, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয় কর্তৃক প্রদত্ত নির্দেশনানুযায়ী গ্রাহকের মৌলিক তথ্যাদি ব্যাংকের CBS এ শতভাগ হালনাগাদ করার প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে।

**(কার্যকরণ ঃ মানিলন্ডারিং প্রতিরোধ সেল/ আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা)**

০৪। **মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ বিষয়ক গাইডলাইন সংক্রান্ত ঃ**

বিকেবি, ৮২৮ তম পর্ষদ সভায় অনুমোদিত মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ বিষয়ক "BKB Money Laundering & Terrorist Financing Risk Management Guidelines-2023" এর ভাষাগত শুদ্ধতা যাচাই প্রক্রিয়াধীন। এটা সম্পন্ন হলে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

**(কার্যকরণ ঃ মানিলন্ডারিং প্রতিরোধ সেল, বিকেবি, প্রকা, ঢাকা)**

০৫। **শাখা পর্যায় হতে মনোনীত BAMLCO দের অনুমোদন প্রদান সংক্রান্ত ঃ**

(ক) বিএফআইইউ জারীকৃত সার্কুলার নং-২৬; তাং-১৬-০৬-২০২০ এ প্রদত্ত নির্দেশনা মোতাবেক শাখাসমূহ হতে মনোনীত (এপ্রিল-জুন/২৩ সময়ের) কর্মকর্তাগণকে কেন্দ্রীয় পরিপালন কমিটি কর্তৃক শাখা মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা (BAMLCO) হিসেবে কার্যোত্তর অনুমোদন প্রদান করা হয়।

(খ) শাখা ও আঞ্চলিক পর্যায়ে AML/CFT বিষয়ক পরিদর্শন প্রতিবেদন তৈরীর জন্য প্রস্তুতকৃত নমুনা ফরমেট CCC কর্তৃক অনুমোদন দেয়া হয়।

**(কার্যকরণ ঃ মানিলন্ডারিং প্রতিরোধ সেল, বিকেবি, প্রকা, ঢাকা)**

০৬। **e-KYC বাস্তবায়ন সংক্রান্ত ঃ**

মানিলন্ডারিং প্রতিরোধ সেল কর্তৃক খসড়াকৃত e-KYC গাইডলাইনটি এতদ্বিষয়ক গঠিত কমিটি কর্তৃক চূড়ান্তকরণপূর্বক অনুমোদনের জন্য যথাযথ কর্তৃপক্ষ বরাবর উপস্থাপন করতে হবে।

**(কার্যকরণ ঃ বিকেবি e-KYC বাস্তবায়ন সংশ্লিস্ট কমিটির সদস্যবৃন্দ)**

পরিশেষে, CCC কমিটির সভাপতি মহোদয় সকলের সক্রিয় অংশগ্রহণে সভাটি অত্যন্ত ফলপ্রসূ হয়েছে মর্মে মন্তব্য করেন। তিনি সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ যথাসময়ে বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানিয়ে উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপনপূর্বক সভার সমাপ্তি ঘোষণা করেন।

25/05/2023

(চানু গোপাল ঘোষ)
উপব্যবস্থাপনা পরিচালক-১
ও
প্রধান মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা
(CAMLCO)

প্রকা/আরএমডি-৩০/সিসিসি/২০২২-২০২৩/৫৮৯৫ তারিখ ঃ ২৬/০৬/২০২৩

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি ঃ**

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৪। সচিব/সকল উপমহাব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৫। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৬। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৭। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৮। সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে), বাংলাদেশ কৃষি ব্যাংক।

25/05/2023

(এফ এম এ রহিম)
উপপ্রধান মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা (DCAMLCO)